# NYC কভার পান!

## স্বাস্থ্য বিমার সাহায্যে



**আজই আবেদন করুন**
সরকারি স্বাস্থ্য বিমা যেমন Medicaid, অত্যাবশ্যক প্ল্যান এবং Child Health Plus সারা বছর ধরে উপলব্ধ।

বেসরকারি স্বাস্থ্য বিমা প্রতি বছর উন্মুক্ত নথিভুক্তকরণের সময়কালে অথবা আপনার ক্ষেত্রে যদি একটি যোগ্যতা উত্তীর্ণ হওয়ার ঘটনা ঘটে।

---

**আপনি যোগ্য কিনা সে বিষয়ে নিশ্চিত নন?**
কোনো সমস্যা নেই-জানার জন্য আপনি যে কোনো সময়ে আবেদন করতে পারেন। আপনার কভারেজের বিকল্পগুলো খুঁজে দেখার তুলনায় এটি সহজ!

---

**আরো তথ্যের জন্য**
NY State of Health
nystateofhealth.ny.gov দেখুন,
ফোন করুন 311 বা
1-855-355-5777

## আপনার ক্যালেন্ডারে দাগ দিন! 1লা জানুয়ারী থেকে আপনার কভারেজ পেতে 15ই ডিসেম্বরের মধ্যে আবেদন করুন

### আমার স্বাস্থ্য বিমা কভারেজের বিকল্পগুলো কী কী?

আপনি যদি একটি চাকরি বা পরিবারের সদস্যের মাধ্যমে কভারেজ না পান, তাহলে আপনি হয়তো NY State of Health, অফিসিয়াল স্বাস্থ্য প্ল্যান মার্কেটপ্লেস-এর মাধ্যমে একটি কম-খরচের বিকল্প পেতে সমর্থ হতে পারেন। কীভাবে তা এখানে দেওয়া হল:

- অনলাইনে, ফোন করে, বা নিজে উপস্থিত হয়ে আবেদন করুন। ফোন করে এবং নিজে উপস্থিত হওয়ার ক্ষেত্রে একাধিক ভাষায় সহায়তা পাওয়া যায়।
- আপনি আর্থিক সহায়তা পাবেন কিনা তা জানার জন্য এবং মার্কেটপ্লেসের এমন কোনো একটি স্বাস্থ্য প্ল্যান যার জন্য আপনি যোগ্য সেটিতে নথিভুক্তিকরণের জন্য একটি আবেদনপত্র পূরণ করুন।
- সমলিঙ্গের স্বামী বা স্ত্রী সহ ব্যক্তিবিশেষ এবং পরিবারগুলো যদি আয়ের দিক থেকে যোগ্য হয় তাহলে তারা ট্যাক্স ক্রেডিট পেতে পারেন। বিবাহিত দম্পতিদের যোগ্য হওয়ার জন্য একসঙ্গে তাদের ট্যাক্স ফাইল করতে হবে।

আপনিও সরাসরি কোনো বিমা সংস্থার কাছ থেকে বেসরকারি বিমা পরিষেবা নিতে পারেন, কিন্তু আপনি এটি করলে আর্থিক সহায়তা পাবেন না।

### আমার যদি স্বাস্থ্য বিমার প্রয়োজন হয় তাহলে আমার অভিবাসনের স্থিতির কী কোনো ভূমিকা আছে?

এটি নির্ভর করে। যে কেউ NY State of Health তে বিকল্প স্বাস্থ্য বিমার জন্য খুঁজতে পারে। কিছু প্রোগ্রাম নির্দিষ্ট ধরনের অভিবাসনে সীমিত থাকবে:

- নাগরিক, গ্রীন কার্ডধারী এবং আইনগতভাবে উপস্থিত বাসিন্দারা* তে সরকারি বা বেসরকারি বিমার জন্য প্রবেশাধিকার পেতে পারেন
- সমস্ত শিশু অভিবাসন স্থিতি নির্বিশেষে Child Health Plus জন্য যোগ্য
- কম–উপার্জন থাকা সব গর্ভবতী মহিলারা অভিবাসন অবস্থা নির্বিশেষে মেডিক্যাইড পেতে পারেন
- কিছু অভিবাসী, যেমন ডিফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভল (DACA) (শৈশবে আগমন জন্য বিলম্বিত পদক্ষেপ), Medicaid-এর জন্য যোগ্য হলেও NY State of Health এর বেসরকারি বিমার যোগ্য নন
- নথিভুক্ত নয় এমন অভিবাসী যাদের উপার্জন–কম তাদেরকে Medicaid এর জন্য প্রাক–অনুমোদন করা যেতে পারে যেটিতে শুধুমাত্র জরুরীকালীন স্বাস্থ্যজনিত সমস্যা কভার হবে

*আইনগতভাবে বসবাসকারী সাময়িক বাসিন্দারা যেমন বৈধ ভিসা সহ শিক্ষার্থীরা।

NYC Human Resources Administration
Department of Social Services
HEALTH INSURANCE LINK
FLY-933 (BE)
Rev. 05/17

আপনার অভিবাসনের স্থিতির যদি পরিবর্তন হয়, তাহলে আপনি NY State of Health এর মাধ্যমে বিমার বিকল্পগুলোতে নথিভুক্তিকরণের জন্য যোগ্য হতে পারেন।

সকল বাসিন্দারা কভারেজের জন্য বেসরকারি বিমা সংস্থাগুলোর কাছে সরাসরি আবেদন করতে পারেন।

NY State of Health-এর মাধ্যমে স্বাস্থ্য বিমা পেলে তা আপনাকে একটি গ্রীন কার্ড, নাগরিকত্ব, বা একজন আত্মীয়ের স্পনসরশিপ পেতে বাধা দেবে না।

## আমি কি আমার ডাক্তারের কাছে দেখানো চালিয়ে যেতে পারি?

আপনি যদি আপনার ডাক্তারকে দেখাতে চান, তাহলে তিনি কোন স্বাস্থ্য প্ল্যানগুলো মঞ্জুর করেন তা তাকে জিজ্ঞাসা করুন।

এছাড়া আপনি স্বাস্থ্য প্ল্যানের নেটওয়ার্কে কোন ডাক্তার এবং হাসপাতাল রয়েছে তা দেখার জন্য তাদের ওয়েবসাইট দেখতে পারেন।

## আমি যদি গতবারের মুক্ত নথিভুক্তিকরণের সময়ে স্বাস্থ্য বিমার জন্য সাইন আপ করে থাকি তাহলে কী হবে?

মুক্ত নথিভুক্তিকরণের সময়কালে, আপনি আপনার প্ল্যান পরিবর্তন করতে পারেন বা আপনার কভারেজের জন্য প্রয়োজনীয় অন্য যে কোনো সংশোধন করতে পারেন।

## আমি কি মুক্ত নথিভুক্তিকরণের বাইরে নথিভুক্ত করতে পারি?

যদি আপনার এমন কিছু হয় যে কারণে জীবনে পরিবর্তন এসেছে তাহলে হয়তো, আপনি বিশেষ নথিভুক্তকরণ সময়ে যোগ্য হবেন। যদি আপনি বিশেষ নথিভুক্তকরণের জন্য যোগ্য হন তাহলে আপনি NY State of Health -এ যেতে পারেন:

- নতুন কভারেজের জন্য অবিলম্বে সাইন আপ বা আপনার স্বাস্থ্য প্ল্যান পরিবর্তন করার জন্য – আপনাকে পরবর্তী মুক্ত নথিভুক্তকরণের সময়কালের জন্য অপেক্ষা করতে হবে না
- কিছু ক্ষেত্রে আপনাকে এটি পরিবর্তনের জন্য অবশ্যই আপনার স্বাস্থ্য কভারেজ থাকতে হবে

বিশেষ নথিভুক্তিকরণের সময়কালগুলো সীমিত-সময় ভিত্তিক:

- আপনি যদি একটি চাকরির মাধ্যমে কভারেজ পান, তাহলে একটি পরিবর্তন করার জন্য যোগ্যতা উত্তীর্ণ হওয়ার ঘটনাটির সময় থেকে আপনার কাছে মাত্র 30 দিন থাকতে পারে।
- আপনি যদি নিজে থেকে বিমা করে থাকেন বা করছেন, তাহলে আপনাকে অবশ্যই যোগ্যতা উত্তীর্ণ হওয়ার ঘটনাটির 60 দিনের মধ্যে উদ্যোগ নিতে হবে।

উত্তীর্ণ হওয়ার ঘটনাগুলোর উদাহরণ হল:

- বিয়ে করা বা একটি গার্হস্থ্য সম্পর্কে প্রবেশ করা
- গর্ভবতী হওয়া অথবা সন্তান থাকা
- আপনার অভিবাসন স্থিতির পরিবর্তন হওয়া
- চাকরি পরিবর্তন
- নিউইয়র্কে যাচ্ছেন বা এক প্রদেশ থেকে অন্য প্রদেশে যাচ্ছেন
- আপনার স্বাস্থ্য বিমা কভারেজ হারিয়ে যাওয়া

## আমার যদি বিমা না থাকে এবং ডাক্তারের কাছে যাওয়ার প্রয়োজন হয় তাহলে কী হবে?

আপনার যদি স্বাস্থ্য বিমা না থাকে এবং পরিচর্যার প্রয়োজন হয়, তাহলে সেক্ষেত্রে তখনও আপনি এটি NYC তে পেতে পারেন।

শহরের সরকারি হাসপাতাল ব্যবস্থা (NYC Health + Hospitals) ও কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্রগুলো আপনার আয় অনুসারে কম খরচে চিকিৎসার সুবিধা দিয়ে থাকে।

যে সকল ব্যক্তির বিমা নেই তাদের জন্য স্বাস্থ্যসেবা সংক্রান্ত সংস্থান সম্পর্কে আরো জানতে nyc.gov/hilink এ যান।

## আমার যদি যৌন এবং প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য সেবার প্রয়োজন হয় তাহলে কী হবে?

Family Planning Benefit Program এর মাধ্যমে যোগ্য পুরুষ ও মহিলাদের জন্য প্রিভেন্টিভ স্ক্রীনিং ও STI পরীক্ষা সহ বিনামূল্যে এবং গোপনীয় প্রজনন স্বাস্থ্য সেবা উপলব্ধ রয়েছে। আরও জানতে nyc.gov/hilink/famplan এ যান।



**আরো তথ্যের জন্য: NY State of Health ওয়েবসাইট nystateofhealth.ny.gov দেখুন 311 বা 1-855-355-5777 এ ফোন করুন।**

Copyright 2017, The City of New York. Human Resources Administration/Department of Social Services. এই সামগ্রীর সমগ্র বা আংশিক অংশ পুনরায় তৈরি করতে অনুমতির জন্য New York City Human Resources Administration-এর সঙ্গে যোগাযোগ করুন।